# যাদবপুর বিশ্ববিদ্যালয় ও মণিপাল হাসপাতালের যৌথ উদ্যোগে ডায়ালিসিস টেকনিশিয়ানের পেশাদারি কর্মমুখী কোর্স

নিজস্ব প্রতিনিধি : পশ্চিমবঙ্গে গত কয়েক বছর ধরে কিডনির রোগে আক্রান্তদের সংখ্যা দিন দিন বাড়ছে। ডায়ালিসিস প্রধানত এই ২ ধরণের — হেইমোডায়ালিসিস (Haemodialysis) ও পেরিটোনেইল ডায়ালিসিস (Peritoneal dialysis)। ডায়ালিসিসের কাজ রক্ত থেকে বর্জ্য পদার্থ ও অতিরিক্ত জল বের করে দেওয়া। কিডনি রোগীদের সাধারণভাবে সপ্তাহে ৩ দিন ৪ ঘণ্টা ধরে ডায়ালিসিস করা হয়। এই মেশিন যাঁরা পরিচালনা করেন তাঁদের বলা হয় ডায়ালিসিস টেকনিশিয়ান। এইসব টেকনিশিয়ানদের কাজের মূল দায়িত্ব হল, রোগীকে ডায়ালিসিসের জন্য তৈরি করা, তদারকি করা, মেশিন অপারেট করা ও ডায়ালিসিস শেষ হওয়ার পর নির্ধারিত পদ্ধতি মানা। টেকনিশিয়ানরা ডায়ালিসিস চলাকালীন রোগীকে আরামে থাকতে সাহায্য করেন ও মেশিনটি যাতে ঠিকমতো কাজ করে সেদিকে নজর রাখেন। এই ধরণের কাজ করার জন্য বিশেষ প্রশিক্ষণের দরকার হয়। বলাবাহুল্য, এই রাজ্যে প্রশিক্ষিত ডায়ালিসিস টেকনিশিয়ানের যথেষ্ট অভাব আছে। এই ঘাটতি পূরণ করে দক্ষ পেশাদার টেকনিশিয়ান তৈরির জন্য যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার কলকাতার মণিপাল (আগে নাম ছিল আমরি) হাসপাতালের সঙ্গে যৌথ উদ্যোগে ডায়ালিসিস টেকনিশিয়ানের ট্রেনিং দিচ্ছে। কোর্সের পুরো নাম 'ডায়ালিসিস টেকনিশিয়ান সার্টিফিকেট প্রোগ্রাম'। বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই কোর্সে ভরতি হতে পারেন। বয়সের কোনো কড়াকড়ি নেই। সীট ১৫টি। মোট ৯ মাসের কোর্স। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে থিওরির ক্লাস আর মণিপাল হাসপাতালে প্র্যাক্টিক্যাল ক্লাস হবে। ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারের উপদেষ্টা ড: কে. কৌতসু জানান, কর্মমুখি এই কোর্সের লক্ষ্য ও উদ্দেশ্য হল, স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে দক্ষ ও উন্নতমানের ডায়ালিসিস টেকনিশিয়ান তৈরি করা। ট্রেনিং শেষে কাজের অভাব হয় না। সফলদের ডায়ালিসিস টেকনিশিয়ান পদে কাজের সুযোগ আছে সরকারি-বেসরকারি হাসপাতাল, জেলা হাসপাতাল, স্বেচ্ছাসেবি সংস্থা, কিডনি বিশেষজ্ঞ কেন্দ্র ও নার্সিংহোমে। ভরতির শেষ তারিখ ১০ জুলাই। ভরতির জন্য নির্ধারিত ফর্ম পাবেন ৫০ টাকা দিয়ে হাতে হাতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার থেকে। যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : যাদবপুর ইউনিভার্সিটি, ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার, বায়োইকিউভ্যালেন্স বিল্ডিং, ৩য় তল। ফোন : ৯০৮৮৪০১৩৫৪।

## নেভিতে কয়েকশো অগ্নিবীর

১ পাতার পর

ইন্ডাস্ট্রিয়াল / প্রোডাকশন, মেন্টেন্যান্স, মেশিন, ম্যানুফ্যাকচারিং / ম্যানুফ্যাকচারিং টেকনোলজি, মেকাট্রনিক্স, মেটালার্জি, ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স ইন্সট্রুমেন্টেশন, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা 'ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য আর ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা 'ইলেক্ট্রিক্যাল' শাখার জন্য যোগ্য।

01/2027 ব্যাচের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-১২-২০০৪ থেকে ৩১-৫-২০০৯'এর মধ্যে। 02/2027 ব্যাচের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-৫-২০০৫ থেকে ৩১-১০-২০০৯'এর মধ্যে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/১২ ৬/১২ যা ৬/৬, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি, বুকের ছাতি অন্তত ৫ সেমি প্রসারণক্ষম আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। এছাড়া রং চেনার ক্ষমতা CP II থাকতে হবে। শুরুতে বেসিক ট্রেনিং হবে, আই.এন.এস. চিল্কায়। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, রাত কানা বা, অন্য কোনো শারীরিক রোগ থাকলে যোগ্য নন। মোট ৪ বছরের চাকরি। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন। প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে। তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে। চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে। এছাড়াও অগ্নিবীরদের নন-কন্ট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে। ৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় দেওয়া হবে। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই। এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে সব ব্যাচের বেলায় কম্পিউটার বেসড 'ইন্ডিয়ান নেভি এন্ট্রান্স টেস্ট (INET 2/2026)' হবে আগস্ট মাস নাগাদ। এই পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে এই ৪টি পার্টে : ইংরিজি, অঙ্ক, বিজ্ঞান, জেনারেল অ্যাওয়ারনেস আর সংশ্লিষ্ট ডিপ্লোমা কোর্স সংক্রান্ত। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। প্রশ্ন হবে উচ্চমাধ্যমিক মানের। সময় থাকবে ৬০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। ফল বেরোবে মে-জুন মাস নাগাদ। সফল হলে এরপর দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে। 01/2027-এর দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে এবছর অক্টোবর থেকে ডিসেম্বরের মধ্যে। আর 02/2027-এর দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে আগামী বছর মার্চ থেকে মে'র মধ্যে।

তখন শারীরিক সক্ষমতার পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় সাড়ে ৬ মিনিটে ১.৬কিমি দৌড়, ২০ বার ওঠ-বোস, ১৫ বার পুশ-আপ ও ১৫ বার হাঁটু ভেঙে সিট আপ। এরপর ডাক্তারি পরীক্ষা হবে আই.এন.এস. চিল্কায়। ৩-৪ দিন থাকার প্রস্তুতি নিয়ে যাবেন। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://joinindiannavy.gov.in ট্রেনিং শুরু 01/2027-এর ব্যাচের বেলায় ডিসেম্বরের মধ্যে। আর 02/2027-এর বেলায় আগামী বছরে মে মাসে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৯ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : https://joinindiannavy.gov.in

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও নিচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন) (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (গ) সিগনেচার (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (ঘ) বয়স, শিক্ষাগত যোগ্যতার মার্কশিট। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫৫০ টাকা অনলাইনে জমা দেবেন (জি.এস.টি. চার্জ আলাদা)। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ইন্ডিয়ান আর্টের ওপর অভূতপূর্ব কোর্স

পল্লবী দেওয়ান, কলকাতা : দ্য রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচারের গোলপার্ক শাখায় 'Application of Indian Art'-এর ওপর ১ বছরের সার্টিফিকেট কোর্স চালু হল। কোর্সের সময়সামী ১২ মাস। কোর্স ফি ৩,০০০ টাকা। ৬ টি পেপার, ১০০ টি ক্লাস। পাঠ্যক্রমের শেষে যে কোনো একটি বিষয়ের ওপর গাইডের সাহায্য নিয়ে dissertation paper তৈরি করতে হবে। যৌথ প্রদর্শনীতে অংশগ্রহণ থেকে ফিল্ড স্টাডি ও ইন্টার্নশিপ প্রোগ্রামের সুবিধাও আছে। ভারত শিল্পের ইতিহাস বিশেষ করে মূর্ত ও অমূর্ত শিল্পের বিভিন্ন ধারা সম্পর্কে ছবি ও ভিডিও সহযোগে আলোচনা। এছাড়াও, শিল্পের ইতিহাস ও নন্দনতত্ত্ব, স্থাপত্যের ইতিহাস, ভাস্কর্যের ইতিহাস, বাংলার মন্দির, মসজিদ ও চার্চে রক্ষিত শিল্প, লোকশিল্প ও লোকগান, পুঁথি সম্পর্কে আলোচনা, স্থানীয় ইতিহাস চর্চার বিবিধ দিক, ধ্রুপদী নৃত্য, তথ্যচিত্র, সিনেমা, থিয়েটার, বনেদি বাড়িতে রক্ষিত শিল্প, শহরের ইতিহাস ও সেখানকার শিল্প এই পাঠ্যক্রমের মূল প্রতিপাদ্য।

## কেন্দ্রীয় সংস্থায় ৭ কর্মমুখী কোর্সে ভরতি

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্প মন্ত্রকের অধীন এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টারে ২০২৫-'২৭ সেশনে এনসিভিটি স্বীকৃত এই ৭টি আইটিআই ট্রেডে ভরতি নিচ্ছে : ইলেকট্রিশিয়ান, ফিটার, মেশিনিস্ট, সার্ভেয়র, ড্রাফটসম্যান মেকানিক্যাল, টার্নার ও ওয়েল্ডার। প্রথম ৬টি ট্রেডের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। সব কোর্সের মেয়াদ ২ বছর। ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে যোগ্যতা দরকার এইট পাশ ও মেয়াদ ১ বছর। আধুনিক পরিকাঠামো, অভিজ্ঞ শিক্ষকরা পড়ান। সব ক্ষেত্রে অন জব ট্রেনিং ও ইন্ডাস্ট্রি ভিজিটের সুযোগ রয়েছে। চাকরির ক্ষেত্রে সাহায্য করা হয়। আগে আসার ভিত্তিতে সুযোগ। এ কথা নিশ্চিতভাবে বলা যায়, এখান থেকে ট্রেনিং নিলে চাকরি হবেই। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টার, জাপানিগেট, বান্টিকুরি, হাওড়া। ফোন- 8910394968, 8134994989, 8777828421. ওয়েবসাইট : https://www.nsic.co.in/NTSC/Howrah.

## সেলসপার্সন, অ্যাকাউন্ট্যান্ট নিয়োগ

নিজস্ব সংবাদদাতা, বাদুড়িয়া : জেলার অন্যতম সেরা সংস্থা আলামিন ইন্ডাস্ট্রি প্রা. লি.-এ সেলসপার্সন, অ্যাকাউন্ট্যান্ট ও আরো কিছু অন্যান্য পদে বেশ কিছু ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। গ্র্যাজুয়েট ছেলেমেয়েরাই আবেদন করতে পারবেন। 'সেলসপার্সন' ও 'অ্যাকাউন্ট্যান্ট' পদের জন্য কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়াও, অ্যাকাউন্ট্যান্ট পদের জন্য Tally ও GST-র কাজ জানা আবশ্যক। সেলসপার্সন নিয়োগ হবে রাজ্যের সব জেলায়। আর অ্যাকাউন্ট্যান্ট পদের নিয়োগ হবে উত্তর ২৪ পরগনা জেলায়। ইন্ডাস্ট্রি স্ট্যান্ডার্ড অনুযায়ী মাসিক স্যালারি হবে। আগ্রহী ছেলেমেয়েরা বায়োডাটা পাঠাতে আজই যোগাযোগ করুন: 9749254776.

## ৪৪,২২১ পদে চাকরি

১ পাতার পর

থাকলে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, "দেখুন, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় এই বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, ৩০ বছর বয়সী সাধারণ মানের গ্র্যাজুয়েট, ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে এই ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় এই পদে। আমাদের এখান থেকেই এই বিভাগে গত ৯ মাসে চাকরি হয়েছে প্রায় ৩,০৪১ জনের। আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। রাজ্যের Labour Bureau Association এর থেকে পাওয়া গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক মতো জায়গা থেকে এই ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।"

**পূর্ব ভারতের অন্যতম সেরা এই প্রতিষ্ঠান থেকে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি। প্রতি ৬ মাস অন্তর এখান থেকে চাকরি পাচ্ছেন ৫০০ থেকে ৮০০ জন।**

যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৮০ থেকে ১০০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, 'রাজ্যের মধ্যে এখন এই ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবথেকে ওপরে। কারণ : (১) একমাত্র এখানেই এই বিভাগের এন্ট্রি লেভেল নিয়োগ তথা, **Talent Acquisition (HR)** পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই ট্রেনিং দেওয়া হয় ২টি পর্যায়ে— প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং, তারপর যাঁরা আরো ভালো মাইনের (পে-প্যাকেজ) চাকরি চায়, তাঁদের জন্য আছে ৬ মাসের 'স্পেশাল প্রফেশনাল ট্রেনিং' — এই ধরনের ২ পর্যায়ের ট্রেনিং আর কোথাও ভাবাই যায় না। (৩) একমাত্র এখানেই ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সব কোম্পানির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় **'Talent Acquisition (HR)'** পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে **'HR Executive'** (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি **'HR Manager'** (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও অনেকের চাকরি হয়। (৫) এখানকার এই ট্রেনিংয়ের ইন্ডাস্ট্রিতে কতটা কদর, তা একটা উদাহরণ দিলেই খুব সহজেই বোঝা যাবে। এখানকার ট্রেনি **অর্পিতা নস্করের** কথাই ধরা যাক। সাধারণ গ্র্যাজুয়েট। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) ট্রেনিং নেওয়ার জন্য এই প্রতিষ্ঠানে ঠিক ৭ মাস আগে ভর্তি হয়। কোনো ইন্টার্নশিপ না করেই, আজকে মাসে ১৮,০০০টাকা মাইনের চাকরি করছে সে। ৬ মাস পরে তার পে-প্যাকেজ হবে মাসে ২৫,০০০ টাকা - ৩০,০০০ টাকা। অর্থাৎ, এখানকার ট্রেনিং নিলে, তার কেরিয়ার যে খুব ভালোভাবে শুরু হবে — তা একপ্রকার সুনিশ্চিত। (৬) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন ইন্টারভিউ নেওয়া, ওয়ার্কফোর্স ম্যানেজমেন্ট টেকনিক, এমপ্লয়ি পারফরম্যান্স ম্যানেজমেন্ট, অ্যাটেনডেন্স ম্যানেজমেন্ট, সিলেকশন অ্যান্ড রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট, পারফরম্যান্স অ্যান্ড কমপেনশেসন ম্যানেজমেন্ট-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা MNC কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity** ও **Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি চাকরি অ্যাপয়েন্টমেন্ট লেটার হাতে পায়। (৮) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (১০) একমাত্র এখানেই 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের 'অ্যাকসেপটেন্স' অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে। (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে এই স্কলারশিপ শুধুমাত্র এই ট্রেনিংয়ের জন্য ভর্তি হওয়া প্রথম ৫ জনের জন্যই প্রযোজ্য। আর মনে রাখতে হবে, রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। তাই গ্র্যাজুয়েশন (বয়স ৩০ বছরের মধ্যে) পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

## আইটি ইন্ডাস্ট্রিতে চাকরি পেয়ে অনন্য নজির

# মাত্র ১ বছরের ট্রেনিংয়ে সাধারণ গ্র্যাজুয়েট থেকে আমি ভালো মাইনের চাকরি পেলাম কীভাবে



আমি অর্পিত চক্রবর্তী। গ্র্যাজুয়েশন পাশ করার পর সবার মতো আমিও চাকরি খুঁজছিলাম। চাকরি পেয়েওছিলাম। একটি নামী ইন্সুরেন্স কোম্পানিতে চাকরি করছিলাম। কিন্তু কিছুদিন ওখানে থাকার পরই বুঝেছিলাম, কোনো গ্রোথ নেই। তাই আমি ইউটিউবে বিভিন্ন ধরনের প্রফেশনাল কোর্স খুঁজছিলাম। কোনোটাই মনঃপূত হচ্ছিল না। আমি প্রত্যেক সপ্তাহে বাড়িতে **কর্মসংস্থান** কাগজ রাখতাম। কোথায় কি ধরনের চাকরি রয়েছে বা কি ধরনের প্রফেশনাল কোর্স পড়লে কিছু দিনের মধ্যে নিশ্চিত চাকরি পাওয়া যাবে — সেই ব্যাপারে **কর্মসংস্থান** থেকে সবটাই জানতে পারতাম। ওই কাগজেই দেখলাম কলকাতার একটি ডিজিটাল মার্কেটিং ট্রেনিং সংস্থা (NIHT) এর কথা। খবরে দেওয়া নম্বরে ফোন করলাম। ওঁনারা অফিসে যেতে বললেন। প্রথমেই ওখানে প্রায় ঘণ্টাখানেক আমার কাউন্সিলিং করা হল। আমি তখন জানালাম যে, আমি ইন্সুরেন্স সেক্টরে আছি। কোনো ভাবেই আমার পক্ষে চাকরি ছেড়ে ট্রেনিং নেওয়া সম্ভব নয়। ওখানকার কাউন্সিলাররা জানালেন — আপনাকে চাকরি ছাড়তে হবে না। আমাদের এখানে প্রফেশনাল কোর্সের ট্রেনিং এমনভাবে দেওয়া হয় যাতে কারো কোনো অসুবিধা না হয়। আমার ব্যাকগ্রাউন্ড দেখে ওনারা ডিজিটাল মার্কেটিং কোর্সে ভর্তি হওয়ার জন্য পরামর্শ দিলেন। আমি ৩টি ব্যাপার দেখে ভর্তি হলাম। প্রথমত এখানে একদম গোড়া থেকে ডিজিটাল মার্কেটিং শেখানো হবে। দ্বিতীয়ত কোর্স ফি সাধ্যের মধ্যে। তৃতীয়ত প্লেসমেন্টের ব্যাপারে সবটুকু (ডিজিটাল সিভি তৈরি করা থেকে শুরু করে ইন্টারভিউ পর্যন্ত পুরো জার্নিটা) সাহায্য করা। একটা ব্যাপারে আমি প্রথম থেকেই সচেতন ছিলাম। ২০১৬ সালে আমার বাবা মারা যান। স্বভাবতই তখন থেকেই আমাকে পুরো সংসার টানতে হয়। তাই কোনো ধরনের হঠকারিতার জায়গা ছিল না আমার। কিছু দিন পরেই বুঝেছিলাম আমি ঠিক সিদ্ধান্তই নিয়েছি। এখানে মূলত প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়। আমাকে Social Media Content Creation, SEO, Performance Marketing, GenAI/Automation Expert এর মতো মডিউল শেখানো হয়। ডিজিটাল মার্কেটিং কোর্সের পুরোটাই প্র্যাক্টিক্যাল বেস। যতই আপনি থিওরি ভালো জানুন না কেন, যতক্ষন না পর্যন্ত প্র্যাক্টিক্যালি আপনি সেটাকে প্রয়োগ করা শিখছেন ততক্ষণ পর্যন্ত চাকরির বাজারে আপনার কোনো দাম নেই। আর ঠিক এই ব্যাপারেই NIHT অদ্বিতীয়। যেকোনো ধরনের সমস্যায় এখানকার ফ্যাকাল্টি সম্পূর্ণভাবে আমাকে সাপোর্ট করেছে। ভরসা জুগিয়েছে — যাই হোক না কেন — আমি পারবোই। ঠিক ৯ মাস পর থেকে আমি বিভিন্ন জায়গায় চাকরির ইন্টারভিউ দিতে থাকি। প্রথমে আমি ইন্টারভিউ ক্র্যাক করতে পারছিলাম না। ধৈর্য্য ধরে প্রতিটি ইন্টারভিউয়ে কি ভুল হয়েছে তা সঙ্গে সঙ্গে বুঝিয়ে দিয়েছে আমার মেন্টর। অবশেষে একদিন ঠিক আমি ইন্টারভিউ ক্র্যাক করলাম।

কোর্সে ভর্তি হওয়ার ঠিক এক বছর পর আজ আমি সোশ্যাল মিডিয়া এক্সিকিউটিভ হিসাবে কলকাতার একটি নামী সংস্থায় কর্মরত। এখন আমি যা মাইনে পাই — ১ বছর আগেও আমি তা ভাবতে পারতাম না। এখানকার ট্রেনিংয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হল — একবার এখানে ঢুকলে চাকরি আপনি পাবেনই।

NIHT-তে ঠিক কী ধরনের ট্রেনিং দেওয়া হয় যাতে আমার মতো সবাই এখান থেকে চাকরি পায়?

(১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল — যা এখন দেশের মধ্যে অন্যতম সেরা ইন্ডাস্ট্রি-ফ্রেন্ডলি ডিজিটাল প্রোগ্রাম। (২) এখানে Google Ads, Meta Ads আর YouTube Ads শেখানো হয়— যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, এখানে ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এখানে ট্রেনিদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। (৭) এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৮) এখানকার ট্রেনিরা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বিভিন্ন লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৯) এছাড়াও এখানে রয়েছে 'লাইভ পডকাস্ট স্টুডিও' যাতে ট্রেনিরা 'রিয়েল ইন্ডাস্ট্রি শুট' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। আমার মতো যদি তোমারও একটু সাহস করে, নিজের ওপর বিশ্বাস রেখে, ঠিক ১ বছরের মধ্যে স্বপ্নের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ করো এই ফোন নম্বরে : 9830501515 / 9903622993.

# কম খরচে Law পাশ করার পর আইনজীবী পেশায় বিভিন্ন ধরনের কাজের সুযোগ

**বিশেষ প্রতিবেদন :** প্রত্যেক পরিবারে একজন করে আইনজীবী (Advocate) থাকা জরুরি। কারণ পশ্চিমবঙ্গ তথা ভারতের রাজনৈতিক অস্থিরতা যেভাবে প্রতিনিয়ত বাড়ছে, তাতে আপনি বা আপনার পরিবার কখন কীভাবে কোন আইনি ঝামেলায় জড়িয়ে পড়বেন না তার কোনো নিশ্চয়তা নেই। তাই পরিবারের একজন আইন বিশেষজ্ঞ থাকলে আপনার আইনি সমস্যা জড়িয়ে পড়ার সম্ভাবনা কম আর জড়িয়ে পড়লেও সহজে আইনি মোকাবিলা করতে পারবেন। মধ্য কলকাতার আমহার্স্ট স্ট্রিটের 'ল পয়েন্ট' ভারত তথা পশ্চিমবঙ্গে এক বিশ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠান। প্রায় ২৫ বছর ধরে সুনামের সঙ্গে পশ্চিমবঙ্গ-সহ ভারতের Bar Council of India স্বীকৃত Law College থেকে LL.B (3 yrs.), LL.B (5 yrs.) ও LL.M-এ দায়িত্ব সহকারে ভরতি করাচ্ছে। 'ল পয়েন্ট' থেকে সবরকম গাইড নিয়ে প্রায় ৩ হাজার জন ছাত্রছাত্রী 'ল' পাশ করে আইনি পেশায় প্রতিষ্ঠিত হয়েছেন। 'ল পয়েন্টে'র কিছু ছাত্রছাত্রী সরকারি ও বেসরকারি এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ সংস্থার 'ল' অফিসার হিসাবে সুনামের সঙ্গে চাকরি করছেন। যেসব শিক্ষিত বেকার যুবক-যুবতী ভবিষ্যৎ অনিশ্চয়তার মধ্যে হতাশা ও দীশাহীনভাবে দিন কাটাচ্ছেন, তাঁরা 'ল' পয়েন্টে'র মাধ্যমে LL.B পাশ করে আইনি পেশার মাধ্যমে নিজেকে প্রতিষ্ঠিত করে তুলুন। এটা শুধুমাত্র Law পড়ানোর কোচিং সেন্টার নয়, এখানে Law পাশ করে কীভাবে এই পেশায় নিজেকে প্রতিষ্ঠিত করবেন তার সব সহযোগিতা ও গাইড দেওয়া হয়। এই প্রতিষ্ঠানের মাধ্যমে High Court ও Lower Court Visit এবং ইন্টার্ণশিপেরও ব্যবস্থা করানো হয়। এই প্রতিষ্ঠানের কর্ণধার Advocate P. K. Das, M.A (Double), LL.M. তিনি কলকাতা হাইকোর্টের একজন প্রতিষ্ঠিত আইনজীবি হিসাবে প্রায় ২৪ বছর প্র্যাক্টিস করছেন। ওনার সব ধরনের সহযোগিতা Law পাশ করার ক্ষেত্রে ও পাশ করার পর প্র্যাক্টিসের ক্ষেত্রে সব ছাত্রছাত্রীদের দিশা দেখাচ্ছেন। তাছাড়া Law পাশ করার পর Bar Council-এর Enrolment ও সর্বোপরি All India Bar Council Exam (AIBE) দায়িত্ব সহকারে পড়িয়ে একচান্সে পাশ নিশ্চিত করাচ্ছেন। তাই যেসব স্নাতক যুবক-যুবতীরা উদ্দেশ্যহীন বা দিশাহীনভাবে জীবনযাপন করছেন, তাঁরা 'ল' পয়েন্টে আসুন। LL.B ভর্তি হয়ে ও Law পাশ করে আইনজীবি হিসাবে নিজের ভবিষ্যৎ প্রতিষ্ঠিত করুন। এখানে যেকোনো বয়সে LL.B পড়ানো হয়। LL.B (3 yrs.)-এর জন্য যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. আর LL.B (5 yrs.)-এর জন্য যে কোনো বোর্ড / কাউন্সিল থেকে H.S পাশ ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. উপরে উল্লিখিত যোগ্যতা থাকলেই যে কোনো বয়সে যে কোনো ব্যক্তি LL.B পড়তে পারেন Bar Council স্বীকৃত Law College থেকে। LL.B পাশ করার পর 50% নম্বর থাকলে আপনি LL.M (2 yrs.) পাশ করে Law College-এর পড়ানোর পেশা হিসাবে বেছে নিতে পারেন। তাই শিক্ষিত বেকার যুবকযুবতীদের Law পড়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান 'ল' পয়েন্টে 2026-2027 Session ভর্তির জন্য নাম রেজিস্ট্রেশন করুন ও নিজের ভবিষ্যৎ সুনিশ্চিত করুন। যোগাযোগের ঠিকানা : Law Point, 17, Raja Rammohan Ray Sarani, Amherst Street, Kolkata – 700 009 (Near Sardhananda Park) Mob : 98369 22534, 98319 33390, 98301 32343.




# WBCS প্রিলির সম্ভাব্য প্রশ্নোত্তর

(A) 10 m (B) 20 m (C) 50 m (D) 70 m

162. যদি $1^3 + 2^3 + 3^3 + 4^3 + \dots + 9^3 = 2025$, $(0.11)^3 + (0.22)^3 + \dots + 0.99)^3$ এর মান কত?

(A) 0.2695 (B) 0.3695 (C) 2.695 (D) 3.695


163. যদি x = 997, y = 998, z = 999 হয়, তবে $x^2 + y^2 + z^2 - xy - yz - zx$ এর মান কত?

(A) 3 (B) 4 (C) 9 (D) 16

164. TEACHER যদি LMKJNMP হয়, তবে HEART কী হবে?

(A) NMAPL (B) NMPKL (C) NPKML (D) NMKPL

165. ছবির মধ্যে কতগুলি ত্রিভুজ আছে?



(A) 16 (B) 22 (C) 28 (D) 32

166. সিরিজটি সম্পূর্ণ করুন : y _ x _ _ zx _ y _ xy _ zx

(A) zyyyzy (B) xyzxyz (C) zxyzyz (D) zyyzyx

167. গুণফলের মধ্যে 'a' এর মান নির্ণয় করুন:

```
  a 2
  7 a
------
 6396
```

(A) 3 (B) 8 (C) 6 (D) 4

168. 1000 থেকে কোন ক্ষুদ্রতম সংখ্যা বিয়োগ করলে তা পূর্ণবর্গ সংখ্যা হবে?

(A) 37 (B) 38 (C) 39 (D) 40

169. 1 থেকে 100 পর্যন্ত সংখ্যাগুলি গুণ করলে গুণফলের শেষে কতগুলি শূন্য থাকবে?

(A) 37 (B) 38 (C) 39 (D) 40

170. বর্গক্ষেত্রের প্রতিটি বাহু 10% বৃদ্ধি পেলে ক্ষেত্রফল কত শতাংশ বাড়বে?

(A) 10% (B) 21% (C) 42% (D) 100%

171. 25%, 20% ও 10% এর তিনটি ধারাবাহিক ছাড়ের সমতুল্য একক ছাড় কত?

(A) 55% (B) 54% (C) 46% (D) 45%

172. ভুল সংখ্যাটি খুঁজুন : 3, 7, 15, 39, 63, 127, 255, 511

(A) 15 (B) 39 (C) 63 (D) 127

173. নাসিরের জন্মদিন 18 মে বৃহস্পতিবার। রেহান 19 আগস্ট জন্মালে ওই বছর রেহানের জন্মদিন কী বার হবে?

(A) বুধবার (B) শনিবার (C) শুক্রবার (D) বৃহস্পতিবার

174. '+' মানে '×', '−' মানে '+', '×' মানে '÷' ও '÷' মানে '−' হলে 24 × 6 − 8 + 2 = কত?

(A) 20 (B) 25 (C) 40 (D) 50

175. 1000 টাকা MRP-র ওপর 40% ছাড়ের পর যদি 510 টাকায় বিক্রি হয়, তবে অতিরিক্ত কত শতাংশ ছাড় দেওয়া হয়েছিল?

(A) 10% (B) 15% (C) 20% (D) 25%

176. Oneirophobia কীসের ভয়?

(A) নিজেকে (B) কুশ্রীতা (C) যন্ত্রণা (D) স্বপ্ন

177. আন্তর্জাতিক ধরিত্রী দিবস (International Mother Earth Day) কবে পালিত হয়?

(A) ২২ মার্চ (B) ২২ এপ্রিল (C) ২৩ মে (D) ২৩ জুলাই

178. কোন ন্যাশনাল পার্ককে ৫৮তম ব্যাঘ্র সংরক্ষণ প্রকল্প হিসাবে ঘোষণা করা হয়েছে?

(A) পেঞ্চ (B) মাধব (C) সঞ্জয় (D) গির

179. ২০২৪ সালের জন্য ৫৯তম 'জ্ঞানপীঠ পুরস্কার'এ কে ভূষিত হয়েছেন?

(A) নরেশ মেহতা (B) গুলজার (C) লিধর মাঙ্খোই (D) বিনোদ কুমার শুক্লা

180. দক্ষিণ উপকূলীয় রেলওয়ে (SCoR) জোনের সদর দফতর কোথায় অবস্থিত?

(A) বিশাখাপত্তনম (B) হায়দরাবাদ (C) সেকেন্দ্রাবাদ (D) ভুবনেশ্বর

181. 'ওয়ান নেশন-ওয়ান পোর্ট' উদ্যোগটি কে শুরু করেছেন?

(A) অমিত শাহ (B) নীতিন গড়করি (C) সর্বানন্দ সোনোয়াল (D) পীযুষ গোয়েল

182. কোন এশীয় দেশ সমকামী বিবাহকে প্রথম বৈধতা দিয়েছে?

(A) চিন (B) সিঙ্গাপুর (C) জাপান (D) তাইওয়ান

183. SEBI-এর ১১তম চেয়ারম্যান হিসাবে কে নিযুক্ত হয়েছেন?

(A) রাকেশ শর্মা (B) রোহিত কুমার (C) তুহিন কান্ত পান্ডে (D) রাজীব কুমার

184. 'Corruption Perception Index (CPI) ২০২৪-এ ভারতের স্থান কত ছিল?

(A) ৯০ (B) ৯৬ (C) ৫০ (D) ৪০

185. ভারতের প্রথম ওয়াইল্ডলাইফ বায়োব্যাংক কোন চিড়িয়াখানায় খোলা হয়েছে?

(A) দার্জিলিং (B) মহীশূর (C) নন্দনকানন (D) দিল্লি

186. ২০২৪-'২৫ আর্থিক বছরে কোন রাজ্য গ্রামীণ স্থানীয় সংস্থাগুলির জন্য ১৫তম অর্থ কমিশনের অনুদান পেয়েছে?

(A) হরিয়ানা (B) সিকিম (C) বিহার (D) সবকটি

187. সুকরি বোম্মাগৌড়া, যিনি সম্প্রতি মারা গেছেন, তিনি কোন রাজ্যের বাসিন্দা ছিলেন?

(A) আন্ধ্রা প্রদেশ (B) কর্ণাটক (C) তামিলনাড়ু (D) কেরলম

188. সম্প্রতি ফোর্ট উইলিয়ামের নাম বদল করে কী রাখা হয়েছে?

(A) বিজয় দুর্গ (B) শিব দুর্গ (C) বীর দুর্গ (D) সম্রাট দুর্গ

189. কার আত্মজীবনী 'ওয়ান লাইফ ইজ নট এনাফ' নামে পরিচিত?

(A) মিলখা সিং (B) অভিনব বিন্দ্রা (C) কে. নটবর সিং (D) সৌরভ গাঙ্গুলি

190. 'এই তো সেদিন' বইটির লেখক কে?

(A) সুনীল গঙ্গোপাধ্যায় (B) আশাপূর্ণা দেবী (C) মহাশ্বেতা দেবী (D) মৈত্রেয়ী দেবী

191. পোলো টিমে কতজন খেলোয়াড় থাকে?

(A) ৪ (B) ৭ (C) ১০ (D) ১২

192. 'ওডোমিটার' দিয়ে কী পরিমাপ করা হয়?

(A) চাকার অতিক্রান্ত দূরত্ব (B) শব্দের তীব্রতা (C) ক্ষুদ্র অ্যাপারচার (D) তড়িৎ চুম্বকীয় তরঙ্গের কম্পাঙ্ক

193. বিখ্যাত লোকনৃত্য 'বার্দো ছাম' (Bardo Cham) কোন রাজ্যের সঙ্গে যুক্ত?

(A) সিকিম (B) মেঘালয় (C) অরুণাচল প্রদেশ (D) রাজস্থান

194. 'করুণা' (Koruna) কোন দেশের মুদ্রার নাম?

(A) ইকুয়েডর (B) এস্তোনিয়া (C) ডেনমার্ক (D) চেক প্রজাতন্ত্র

195. হায়দরাবাদ শহরটি কোন নদীর তীরে অবস্থিত?

(A) কৃষ্ণা (B) মুসি (C) কাবেরী (D) লুনি

196. ভারতীয় ডাক বিভাগ কোন বছর থেকে স্পিড পোস্ট পরিষেবা শুরু করে?

(A) ১৯৭২ (B) ১৯৭৬ (C) ১৯৮২ (D) ১৯৮৬

197. তামিলনাড়ুর 'কুদানকুলাম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র' স্থাপনে কোন দেশ ভারতকে সহায়তা করেছে?

(A) রাশিয়া (B) জার্মানি (C) কানাডা (D) ফ্রান্স

198. 'থিল্লানা' কোন নৃত্যের একটি অংশ?

(A) কত্থক (B) কুচিপুড়ি (C) ভারতনাট্যম (D) ওড়িশি

199. এন. রাজম কোন ক্ষেত্রে বিখ্যাত?

(A) শাস্ত্রীয় নৃত্য (B) চিত্রাঙ্কন (C) ভায়োলিন (D) কর্ণাটকী সংগীত

200. কতজন ব্যক্তিত্বকে ২০২৫ সালে 'পদ্ম পুরস্কার'এ ভূষিত করা হয়েছে?

(A) ১৪৯ (B) ১৩৯ (C) ১২৯ (D) ১১৯

## উত্তর

1(C). 2(A). 3(D). 4(C). 5(A). 6(C). 7(A). 8(D). 9(C). 10(B). 11(C). 12(B). 13(C). 14(C). 15(A). 16(B). 17(B). 18(C). 19(A). 20(B). 21(C). 22(B). 23(D). 24(D). 25(A). 26(C). 27(D). 28(C). 29(C). 30(D). 31(D). 32(B). 33(B). 34(C). 35(C). 36(A). 37(D). 38(B). 39(A). 40(D). 41(D). 42(A). 43(A). 44(D). 45(D). 46(D). 47(D). 48(A). 49(B). 50(C). 51(D). 52(B). 53(A). 54(A). 55(D). 56(C). 57(B). 58(A). 59(A). 60(A). 61(C). 62(D). 63(A). 64(A). 65(A). 66(A). 67(B). 68(C). 69(A). 70(A). 71(A). 72(D). 73(C). 74(D). 75(C). 76(B). 77(A). 78(A). 79(A) 80(D). 81(B). 82(A). 83(A). 84(C). 85(B). 86(D). 87(B). 88(B). 89(A). 90(A). 91(B). 92(B). 93(B). 94(A). 95(D). 96(B). 97(D). 98(A). 99(A). 100(C). 101(C). 102(D). 103(D). 104(C). 105(D). 106(D). 107(C). 108(D). 109(A). 110(A). 111(B). 112(C). 113(B). 114(B). 115(C). 116(A). 117(A). 118(B). 119(A). 120(B). 121(D). 122(A). 123(A). 124(B). 125(C). 126(C). 127(C). 128(A). 129(D). 130(C). 131(B). 132(C). 133(C). 134(B). 135(C). 136(B). 137(C). 138(B). 139(B). 140(C). 141(C). 142(B). 143(A). 144(D). 145(C). 146(D). 147(B). 148(C). 149(D). 150(A). 151(D). 152(B). 153(A). 154(B). 155(B). 156(B). 157(D). 158(B). 159(C). 160(C). 161(A). 162(C). 163(A). 164(D). 165(B). 166(A). 167(B). 168(C). 169(C). 170(B). 171(C). 172(B). 173(B). 174(A). 175(B). 176(D). 177(B). 178(B). 179(D). 180(A). 181(C). 182(D). 183(C). 184(B). 185(C). 186(D). 187(B). 188(B). 189(C). 190(B). 191(A). 192(D). 193(C). 194(D). 195(B). 196(D). 197(A). 198(C). 199(C). 200(A).


## ডিজিটাল মার্কেটিংয়ে ৫৪,০১২ চাকরি

১ পাতার পর

এখানেই শেষ নয়। লেবার ওয়েলফেয়ার মিনিস্ট্রির গত ৩ মাসের ডেটাবেস অ্যানালিসিস করে দেখা গেছে দেশের প্রথম সারির ২০০টির ওপর আইটি ও সফটওয়্যার রিলেটেড কোম্পানিতে যে নিয়োগ হয়েছে তার প্রায় দ্বিগুণ নিয়োগ হবে সামনের ৬ থেকে ৯ মাসে। একথা নিশ্চিতভাবে বলা যায় যে এপ্রিল থেকে সেপ্টেম্বরের মধ্যে কমবেশি রাজ্যের প্রায় ১৫০টির ওপর আইটি কোম্পানিতে ৫৪,০১২ জন 'ডিজিটাল প্রফেশনালস' এর নিয়োগ হবে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ করলে আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। কীভাবে এই নিয়োগ হবে। এ ব্যাপারে আমরা যোগাযোগ করেছিলাম দেশ তথা রাজ্যের অন্যতম সেরা স্কিলড প্রফেশনাল এডুকেশন ইনস্টিটিউশন NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "একথা একদম সত্যি যে আজকের দিনে দাঁড়িয়ে স্কিলড প্রফেশনালস ছাড়া কোনো চাকরি নেই। অর্থাৎ এখন ডিগ্রি নয়। স্কিলের দরকার। তাই রিক্রুটারদের কাছে স্কিলড কর্মী সবচেয়ে বেশি গুরুত্ব পায়। যদি আপনার ভেতরে ঠিকঠাক স্কিল থাকে, তাহলে বড় বড় কোম্পানি আপনাকে ঘরে এসে চাকরি দিয়ে যাবে। আর যদি তা না থাকে, তাহলে আপনি যতই ট্যালেন্টেড হোন না কেন, কোথাও আপনি চাকরি পাবেন না। একটা জিনিস প্রথমেই পরিষ্কার বলা ভালো। ইন্টারভিউ বোর্ডে একমাত্র বন্ধু হতে পারে আপনার ভেতরের স্কিলড অ্যাটিটিউড— যা অন্য অনেকের থেকে চাকরি পেতে আপনাকে অনেকটাই এগিয়ে রাখবে।' কেউ আপনাকে কোনো সুযোগ দেবে না। আপনাকে নিজেকেই সুযোগ তৈরি করে নিতে হবে। এখন আপনি ভাবতেই পারেন— কোম্পানিগুলির কাছে কেন স্কিলড প্রফেশনালস এর এত চাহিদা? কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতো স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। সোজা বাংলায়; কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুণ দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২৫০টির বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

### এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেনড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) একমাত্র এখানেই AI Agent কীভাবে তৈরি করা হয় তা শেখানো হয়— যা যেকোনো কোম্পানির কাছেই খুবই আকর্ষণীয়। কারণ আজকের দিনে দাঁড়িয়ে— 'AI Agent ক্রিয়েশন'— চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের গুরুত্ব কয়েকশো গুন বাড়িয়ে দেবে। ফলে তারা খুব সহজেই নিজের মনের মতো পে প্যাকেজ পেতে পারে। (৯) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (১০) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

**পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬০,০০০ জনেরও বেশি**

### এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে, তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

পশ্চিমবঙ্গ সরকারের ডায়মন্ড হারবার ওমেন ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে

# ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স করে প্রচুর সরকারি বেসরকারি চাকরির সুযোগসহ সুনিশ্চিত চাকরি ও ১০০% কেরিয়ার এর সুযোগ

**উচ্চমাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য**

নিজস্ব সংবাদদাতা : এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি চলছে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীরা ২ বছরের এই ডিপ্লোমা কোর্সটি করে ১০০% গ্যারান্টেড ও সুনিশ্চিত কেরিয়ার গড়ে তুলতে পারেন স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে বিভিন্ন হসপিটাল, নার্সিংহোম, ডায়াগনস্টিক সেন্টারে ম্যানেজমেন্ট স্টাফ হিসাবে। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরনো এবং স্বনামধন্য একটি কলেজ যার হাজার হাজার পাশ করা ছাত্রছাত্রীরা আজ কলেজ থেকে ক্যাম্পাস ইন্টারভিউয়ের মাধ্যমে চাকরি পেয়ে দেশ ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্রছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজে রয়েছে অত্যাধুনিক ল্যাব, অভিজ্ঞ ও প্রাজ্ঞ সেরা প্রফেসরদের কাছে শিক্ষা লাভের সুযোগ। প্রথম সেমিস্টার থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন হসপিটাল ও স্বাস্থ্যক্ষেত্রে হাতে-কলমে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং (অন দ্য জব ট্রেনিং) যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে আছে ইন্টার্নশিপ ও কোর্স শেষে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা স্বাস্থ্যক্ষেত্রের সংস্থাতে চাকরির অ্যাপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতেই হসপিটাল ম্যানেজমেন্টে ডিপ্লোমা পাশ করা কয়েক হাজার স্কিল্ড ম্যানেজার দরকার হসপিটালগুলিতে। যা আগামী দিনে আরো কয়েক গুণ বাড়বে। তাই স্বাস্থ্যক্ষেত্রে নিজের জীবন ও সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন — গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা- ১৪৫। ফোন : 7059918186, 8981611881. ওয়েবসাইট : www.gurukuledutechcollege.com

## পুরনো সিলেবাসেই পরপর ডব্লু.বি.সি.এস পরীক্ষা

১ পাতার পর

ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোয়, পরীক্ষা সেই বছরই নেওয়া হয় কিংবা পরের বছরের প্রথম দিকে পরীক্ষা নেওয়া হয়। ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোনোর প্রায় ২ বছর পর ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি বেরিয়েছিল। বেশ কয়েকবার পরীক্ষার সম্ভাব্য তারিখ ঠিক হলেও শেষপর্যন্ত পরীক্ষা হয়নি। নতুন সরকার ক্ষমতায় আসায় পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়। যে কোনো শাখার গ্র্যাজুয়েট হলেই ডব্লু.বি.সি.এস. পরীক্ষা দেওয়া যায়। বয়স হতে হবে 'এ' ও 'সি' গ্রুপের বেলায় ২১ থেকে ৪১ বছরের মধ্যে। 'বি' গ্রুপের বেলায় ২০ থেকে ৪১ বছরের মধ্যে আর 'ডি' গ্রুপের বেলায় ২১ থেকে ৪৪ বছরের মধ্যে।

অন্যদিকে, ২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি খুব শিগগিরই বেরোচ্ছে। প্রিলিমিনারি পরীক্ষা এবছরই নেওয়া হবে। ২০২৬ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তিও এবছরের শেষের দিকে বেরোনোর সম্ভাবনা আছে। পি.এস.সি. সূত্রে খবর, ডব্লু.বি.সি.এস. পরীক্ষা পুরনো পদ্ধতিতেই নেওয়া হবে। আগামী কয়েক বছর সিলেবাস বদলের কোনো সম্ভাবনা নেই।

## পঞ্চায়েতে ১১ হাজার

১ পাতার পর

অনলাইনে দরখাস্ত করতে হবে। সরকার সিদ্ধান্ত নিয়েছিল, এবার থেকে রাজ্য সরকারের সব পরীক্ষা অনলাইনে নেওয়া হবে। কিন্তু এত দ্রুত তা কার্যকরী হবে না। কারণ পর্যাপ্ত কম্পিউটার ব্যবস্থা নেই। তাছাড়াও বিভিন্ন ধাপে পরীক্ষা নিতে গেলে সময়ও বেশি লাগবে। তাই আপাতত আগের নিয়মেই অফলাইনে পরীক্ষা নেওয়া হবে। অন্যদিকে, ১,১০০ জন পঞ্চায়েত কর্মীকে চলতি মাসেই বদলি করা হবে।

**কোন কোন পদে লোক নেওয়া হবে ও শিক্ষাগত যোগ্যতা কেমন থাকা দরকার তা নিচে দেওয়া হল (আরো বিস্তারিত যোগ্যতা থাকবে ওয়েবসাইটে) :**

**গ্রাম পঞ্চায়েত কর্মী :** কোনো স্বীকৃত স্কুল থেকে ক্লাস এইট পাশরা আবেদন করতে পারেন।

**পঞ্চায়েত সেক্রেটারি পিওন :** ক্লাস এইট পাশরা আবেদন করতে পারেন।

**গ্রুপ-ডি:** ক্লাস এইট পাশরা আবেদন করতে পারেন।

**অ্যাকাউন্টস ক্লার্ক :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স পাশ হলে ভালো হয়। এম.এস. ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট-সহ ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে অগ্রাধিকার পাবেন।

**ক্লার্ক কাম টাইপিস্ট :** মাধ্যমিক পাশরা ইংরিজি ও বাংলা টাইপিংয়ে মিনিটে অন্তত যথাক্রমে ৩০টি ও ২০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। এম.এস. ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট বিষয়ে জ্ঞান থাকতে হবে।

**লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। কম্পিউটার জানলে অগ্রাধিকার পাবেন।

**অ্যাসিস্ট্যান্ট ক্যাশিয়ার :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন।

**টাইপিস্ট (ইংলিশ) :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৪০টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য।

**ডাটা এন্ট্রি অপারেটর :** মাধ্যমিক পাশরা ইংরিজি ও বাংলা টাইপিংয়ে মিনিটে অন্তত যথাক্রমে ৩০টি ও ২০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটারের ৩ মাসের ট্রেনিং নিয়ে থাকতে হবে। ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ৬,০০০ কী ডিপ্রেশনে গতি থাকতে হবে।

**গ্রাম পঞ্চায়েত সেক্রেটারি :** উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটারের (এম.এস. ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট-সহ) ৬ মাসের ট্রেনিং নিয়ে থাকলে ভালো হয়।

**গ্রাম পঞ্চায়েত সহায়ক :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ হলে অগ্রাধিকার পাবেন।

**সমিতি এডুকেশন অফিসার :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা বি.এড. কোর্স পাশ হলে কিংবা যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কোনো প্রাইমারি বা, সেকেন্ডারি স্কুলে শিক্ষকতার কাজে ৩ বছরের অভিজ্ঞতা বা, যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা সরকার স্বীকৃত অল্টারনেটিভ সিস্টেমে ৩ বছরের অভিজ্ঞতা কিংবা যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশরা ম্যানেজমেন্ট এডুকেশনে ৩ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য।

**এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। সোশ্যাল ওয়ার্ক বা, রুরাল ডেভেলপমেন্টের ডিপ্লোমা বা, পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশ হলে ভালো হয়। সোশ্যাল ওয়ার্ক বা, রুরাল ডেভেলপমেন্টের কাজে অভিজ্ঞতা থাকলেও ভালো হয়।

**অ্যাডিশনাল অ্যাকাউন্ট্যান্ট :** কমার্স শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য।

**ব্লক ইনফরমেটিক্স অফিসার :** কম্পিউটার সায়েন্সের অনার্স ডিগ্রি কোর্স পাশ বা, বি.সি.এ. কোর্স পাশরা আবেদন করতে পারেন। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশরা ডোয়েক থেকে 'এ' লেভেল কোর্স পাশ হলেও আবেদনের যোগ্য। ডোয়েক থেকে 'বি' বা, 'সি' লেভেল সার্টিফিকেট কোর্স পাশরা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং / ইনফর্মেশন টেকনোলজি / ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলেও আবেদনের যোগ্য। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি, বি.টেক. (আই.টি.), বি.এসসি (আই.টি.) কোর্স পাশ কিংবা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের বি.ই. / বি.টেক., কম্পিউটার সায়েন্সের বি.এসসি. কোর্স পাশ কিংবা কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিগ্রি / মাস্টার ডিগ্রি বা, জেনারেল স্ট্রিমে বি.এসসি. ও এম.এসসি. (আই.টি.) কোর্স পাশরাও যোগ্য।

**নির্মাণ সহায়ক :** কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন।

**সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার :** ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন।

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা ২ বছর কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন।

**STRONG COMBINED COURSE**

বর্তমান সময়ের নিরীখে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন পদে স্থায়ী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে এবং আরো কিছু বিজ্ঞপ্তি প্রকাশের পথে। এমতাবস্থায়, আগামীতে যেকোনো একটি সরকারি চাকরিতে যোগদানের এক সুবর্ণ সুযোগ হাতছানি দিচ্ছে। তাই এই সুযোগকে কার্যকরী করতে এবং একইসাথে একাধিক পরীক্ষার প্রস্তুতি সম্পন্ন করতে 'ক্যাসেস এডুকেশন', কলকাতা অতি স্বল্প খরচে চালু করেছে এক পরীক্ষিত ও সাফল্যদায়ী পপুলার কোর্স। এই কোর্সটি সম্পূর্ণ করলে কেন্দ্র ও রাজ্যের বিভিন্ন ক্লারিক্যাল ক্যাডার পদে ন্যূনতম দশ-বারোটি পরীক্ষায় বসা সম্ভব। ন্যূনতম মাসিক ফিজ এর ভিত্তিতে একবছর মেয়াদী এই কোর্স সম্পর্কে বিস্তারিত জানতে ও ভর্তি হতে অবশ্যই যোগাযোগ করুন এই ঠিকানায় :-

**CACES EDUCATION**
35. APC Road. Kol-9
9123325910 / 9062756906

বিঃদ্রঃ- WBCS ও TET এর জন্য স্পেশ্যাল কোর্সে ভর্তি চলছে

এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে **কর্মসংস্থান** ও **Appointment & Career News** আয়োজিত

থাকছে ফ্রি টিফিন

# কেরিয়ার ফেয়ার

তারিখ : ২৩ ও ২৪ জুন, ২০২৬ (মঙ্গলবার ও বুধবার)

সময় : সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত

স্থান : কৃষ্ণা কাবেরী গার্ডেন, বারাসাত-বারাকপুর রোড, লোকনাথ মন্দিরের কাছে, বারাসাত, উত্তর ২৪ পরগনা









Sponsored by :

RGCTC
রাজীব গান্ধী কম্পিউটার প্রশিক্ষন কেন্দ্র

বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

## বারাসাতে কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট এখন পুরোপুরি বদলাচ্ছে। সরকারি ও বেসরকারি কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স দেওয়া হবে এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও **Appointment & Career News**-এর উদ্যোগে ২৩ ও ২৪ জুন, মঙ্গলবার ও বুধবার উত্তর ২৪ পরগনা জেলার বারাসাত শহরের বারাসাত-ব্যারাকপুর রোডে কৃষ্ণা-কাবেরী গার্ডেনের এ.সি ব্যাঙ্কোয়েট হলে এই 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফীতে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন — এইসব নানা জরুরি পরামর্শ দেওয়া হবে। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়, তার খোঁজখবর পাবেন। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিস্তারিত জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

মেলায় 'কর্মসংস্থান', 'সাফল্য', 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টলে এসে যেকেউ চাকরির বিভিন্ন পরীক্ষা নিয়ে তাঁদের যাবতীয় প্রশ্নর উত্তর পাবেন সরাসরি।

## আই.টি.আই কোর্সে ভরতি

১ পাতার পর

আই.টি.আই.'তে কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল কাউন্সিল ফর ভোকেশনাল ট্রেনিংয়ের (এন.সি.ভি.টি) অনুমোদিত ক্র্যাফটসম্যান ট্রেনিং স্কিমে প্রায় ৫০টি ট্রেডের সার্টিফিকেট কোর্সে ভরতির ফর্ম দেওয়া শুরু হয়েছে। সেশন শুরু আগস্টে।

আই.টি.আই. গুলিতে ২ বিভাগের ট্রেড কোর্স পড়ানো হয় : E গ্রুপ ও M গ্রুপ। কারা কোন গ্রুপে ভরতির জন্য যোগ্য:

**গ্রুপ-E :** ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা এই গ্রুপের ট্রেডের জন্য আবেদন করতে পারেন। 'ই' গ্রুপে ভরতি হতে পারবেন এইসব ট্রেডে : কার্পেন্টার, ম্যাসন, শীট মেটাল ওয়ার্কার, ওয়েল্ডার, পেইন্টার জেনারেল, ওয়্যারম্যান, কাটিং অ্যান্ড সিউয়িং /সিউয়িং টেকনোলজি। পেইন্টার জেনারেল ও ওয়্যারম্যান ট্রেড ২ বছরের আর অন্যান্য ট্রেড হল ১ বছরের।

**গ্রুপ-M :** মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মাধ্যমিকে অঙ্ক ও ফিজিক্যাল সায়েন্স বিষয়ে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। 'এম' গ্রুপে ভরতি হতে পারবেন এইসব ট্রেডে —

১ বছরের ট্রেডগুলি হল : মেকানিক (ডিজেল), ফাউন্ড্রিম্যান/ফাউন্ড্রিম্যান টেকনিশিয়ান, প্লাস্টিক প্রসেসিং অপারেটর, প্লাম্বার, মেকানিক মোটর সাইকেল, সার্ভেয়র, কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক মেন্টেন্যান্স, মেকানিক অটো বডি রিপেয়ার, ওয়েল্ডার পাইপ, বেকার অ্যান্ড কনফেকশনার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ক্রাফটসম্যান ফুড প্রোডাকশন (জেনারেল) /ফুড প্রোডাকশন (জেনারেল), ডেস্ক টপ পাব্লিশিং অপারেটর, ড্রেস মেকিং, ফ্যাশন টেকনোলজি /ফ্যাশন ডিজাইন টেকনোলজি, হেয়ার অ্যান্ড স্কিন কেয়ার /বেসিক কসমেটোলজি, হেলথ স্যানিটারি ইন্সপেক্টর, হর্টিকালচার, প্রিজার্ভেশন অফ ফ্রুটস অ্যান্ড ভেজিটেবিলস /ক্র্যাফটসম্যান ফ্রুট অ্যান্ড ভেজিটেবিল প্রসেসিং, সেক্রেটারিয়েল প্র্যাক্টিস (ইংলিশ), স্টুয়ার্ড /ফুড অ্যান্ড বেভারেজ গেস্ট সার্ভিস অ্যাসিস্ট্যান্ট, কম্পিউটার অ্যাডেড এমব্রয়ডারি অ্যান্ড ডিজাইনিং, ফ্রন্ট অফিস অ্যাসিস্ট্যান্ট ও ফুড বেভারেজ।

২ বছরের ট্রেডগুলি হল : টার্নার, ফিটার, ইলেক্ট্রিশিয়ান, অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট), ড্রাফটসম্যান (সিভিল), ড্রাফটসম্যান (মেকানিক্যাল), ইলেক্ট্রনিক্স মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক (কেমিক্যাল প্ল্যান্ট), আই.টি.ই.এস.এম. / আই.সি.টি.এস.এম, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল প্ল্যান্ট), মেশিনিস্ট, মেশিনিস্ট গ্রাইন্ডার, মেন্টেন্যান্স মেকানিক (কেমিক্যাল প্ল্যান্ট), মেকানিক কম্পিউটার হার্ডওয়্যার, মেকানিক মোটর ভেহিক্যাল, মেকানিক আর.এ.সি., টুল অ্যান্ড ডাই মেকার (ডাইস অ্যান্ড মোল্ড), টুল অ্যান্ড ডাই মেকার (প্রেস টুলস, জিগস অ্যান্ড ফিক্সার), ইনফর্মেশন টেকনোলজি।

সব ক্ষেত্রেই বয়স হতে হবে ১-৮-২০২৬'র হিসাবে ন্যূনতম ১৪ বছর বা, তার বেশি, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ১-৮-২০১২'এর আগে। ঊর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই। যে কোনো বয়সের প্রার্থীরাই আবেদনের যোগ্য। নির্দিষ্ট কয়েকটি ট্রেডে মহিলা প্রার্থী না পাওয়া গেলে ছেলেরা ওই চারটি মহিলা ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউটে ভরতির জন্য যোগ্য।

তপশিলী জাতির প্রার্থীদের জন্য ২২%, তপশিলী উপজাতি প্রার্থীদের জন্য ৬%, শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৪%, ও.বি.সি. হলে ৭% ও মহিলাদের জন্য ২০% সীট সংরক্ষিত। টিউশন ফী প্রথম ৬ মাস মাসে ৩০ টাকা করে। ভরতি ফী ১০০ টাকা। রেজিস্ট্রেশন ফী ৩০ টাকা (কন্যাশ্রী প্রার্থীদের জন্য ১৫ টাকা)। কশ্যান মানি ১০০ টাকা। ভেরিফিকেশন চার্জ ১০০ টাকা।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** দুই গ্রুপের বেলায়ই প্রার্থী বাছাই করবে 'ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট'। কোনো লিখিত পরীক্ষা হবে না।

'M' গ্রুপের বেলায় প্রার্থী বাছাই হবে মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে। শুধুমাত্র মাধ্যমিকে পাওয়া নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হবে। মেধা তালিকায় র‍্যাঙ্ক অনুযায়ী পছন্দ মতো প্রতিষ্ঠানে ভরতি হতে পারবেন ও ট্রেড বেছে নিতে পারবেন।

'E' গ্রুপের বেলায় প্রার্থী বাছাই হবে ক্লাস এইট পাশে পাওয়া নম্বর দেখে।

চূড়ান্ত মেধা তালিকা আপলোড করা হবে জুলাইয়ে। অনলাইন কাউন্সেলিং হবে জুলাই-আগস্টে।

দরখাস্ত করতে পারবেন অনলাইনে, ২০ জুন পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://admission-telsd.wb.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে অনলাইনে অ্যাপ্লিকেশন ফর্মে ক্লিক করে যাবতীয় তথ্য সঠিকভাবে দিন। তারপর ফটো ও সিগনেচার আপলোড করে 'Save & Proceed'এ ক্লিক করলে দরখাস্ত সাবমিট হয়ে যাবে। এরপর পরীক্ষা ফী বাবদ ২০০ (মহিলা হলে ১০০) টাকা অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। কোন কোন প্রতিষ্ঠানে কী কী ট্রেড আছে তা ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।









Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com